দৈনিক ইত্তেফাক

তারিখ 13 JAN 1993 পৃষ্ঠা 2 কলাম 2

21

20

# নিরক্ষরতা দূর করিতে ছাত্র সমাজকে উল্লেখযোগ্য ভূমিকা পালন করিতে হইবে

—কাজী জাফর

প্রধানমন্ত্রী কাজী জাফর আহমদ বলেন, দেশ হইতে নিরক্ষরতার অন্ধকার দূর করিতে ছাত্রসমাজকে উল্লেখযোগ্য ভূমিকা পালন করিতে হইবে। তিনি গতকাল (মঙ্গলবার)

(শেষ পৃ: ৪-এর ক: দ্রঃ)

## কাজী জাফর

(১ম পৃ: পর)

গণভবনে জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজ ছাত্র সংসদের সদস্য ও ছাত্র নেতৃবৃন্দের উদ্দেশ্যে ভাষণ দেন।

প্রধানমন্ত্রী দেশ গঠন কাজে অবদান রাখার জন্য নিজেদের প্রস্তুত করিতে ছাত্রসমাজের প্রতি আহ্বান জানান। ছাত্র নেতৃবৃন্দ জগন্নাথ কলেজের ছাত্রদের আবাসন, পরিবহন, গ্রন্থাগার, বিজ্ঞান গবেষণাগার ও শিক্ষকদের অপ্রতুলতাসহ বিভিন্ন সমস্যা লইয়া শিক্ষা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত প্রধানমন্ত্রীর সহিত আলোচনা করেন।

ছাত্র-সংসদের সহ-সভাপতি মোঃ আলমগীর শিকদার লোটন এবং ছাত্রনেতা মাসুদুল আলম মাসুদ, নিজামউদ্দিন আহমেদ ও আমির হোসেন এ সময় উপস্থিত ছিলেন।—তথ্য বিবরণী।